পীরগঞ্জে জাতীয় নাগরিক কমিটি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মানববন্ধন

পীরগঞ্জ (রংপুর) – রংপুরের পীরগঞ্জে জাতীয় নাগরিক কমিটি ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে মানববন্ধন হয়েছে। বুধবার বিকেলে প্রেস ক্লাবের সম্মুখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১০০ শয্যায় উন্নীত, শুন্যপদ সমুহে জনবল নিয়োগ, মানসম্মত স্বাস্থ্যসেবা, অবৈধ বালু উত্তোলন, মাদকদ্রব্য নির্মুল, জুয়া, হাটবাজার ও রাস্তাঘাটে অবৈধ টোল, অবৈধ ইটভাটা বন্ধ, যানজট নিরসন, ট্রাফিক পুলিশ নিয়োগ, পাবলিক লাইব্রেরী নির্মাণ, উপজেলা সদরের ফুটপাত, হাটবাজার অন্যান্য খাসজমি দখলমুক্তসহ ১১ দফা দাবীতে ওই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন-সাবেক পৌর কাউন্সিলর বিএনপি নেতা সাইফুল আজাদ মন্ডল, উপজেলা নাগরিক কমিটির সদস্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মাসুম বিল্লাহ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাসুদ বিল্লাহ, মাইদুল ইসলাম মধু, এ এস মজনু, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা কমিটির স্বপন মিয়া, মোরসারিন মোহাম্মদ উৎস, নাহিদ মিয়া, উপজেলার রাকিব মিয়া, মাহাদি হাসান সহ অনেকে। শেষে ইউএনও বরাবরে স্বারকলিপি প্রদান করেন তারা।